



30 DEC 2023

NOT TO BE REMOVED
FROM THE READING ROOM

দৈনিক আজাদী

বাণীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র

প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক



শনিবার ৩০ ডিসেম্বর ২০২৩

www.edainikazadi.net গোল্ড. নং-৮-৫৪ ৪৪তম বর্ষ ১১৫ সংখ্যা ১৫ পৌষ ১৪০০ সাল ১৬ জমাদিন সানি ১৪৪৫ হিজরি

৮ পৃষ্ঠা ৭ টাকা

CS Scanned with CamScanner



প্রিমিয়ার ভার্শিটির সেমিনারে অংশগ্রহণকারীরা

প্রিমিয়ার ভার্শিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে সেমিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে কম্পিউটার সায়েন্সের সাম্প্রতিক গবেষণালব্ধ নানাবিধ জ্ঞান ও অনুসন্ধিৎসু বিশ্লেষণের লক্ষ্যে সিরিজ সেমিনারের দ্বিতীয় সেমিনার গত ২৬ ডিসেম্বর অনুষ্ঠিত হয়েছে। সেমিনারটি বিভাগের আয়োজনে প্রথম ইন্টারডিসিপ্লিনারি সেমিনার। প্রবন্ধ পাঠ করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির সিএসই বিভাগের প্রভাষক শ্রেয়সী পাল। প্রবন্ধে বাংলাদেশের দুটি ইউনিভার্সিটির জাতিগত সংখ্যালঘু শিক্ষার্থীদের শিক্ষাবিদ্যার অন্বেষণ নিয়ে আলোচনা করা হয়।

কীভাবে তাদের মনোভাব ও বিশ্বাস তাদের ভাষাগত পরিচয়কে প্রভাবিত করে তা নিয়েও আলোকপাত করা হয়। প্রবন্ধ নিয়ে আলোচনা করতে গিয়ে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক কোহিনূর আক্তার বলেন, বিশ্বায়নের ফলে ইংরেজি ভাষা যোগাযোগের মাধ্যম হয়ে উঠছে। শ্রেণিকক্ষেও ইংরেজির গুরুত্ব বাড়ছে। সাথে সাথে মাতৃভাষার গুরুত্ব কমছে। শ্রেণিকক্ষে ভাষাগত সমতা বিশেষ গুরুত্ব বহন করে। প্যানেলে আরও ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. সাহীদ মো. আসিফ ইকবাল এবং ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক। শেষে প্রশ্নোত্তর পর্বে অংশ নেন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা। সহকারী অধ্যাপক সৈয়দ মোহাম্মদ মিনহাজ হোসাইনের সঞ্চালনায় পরিচালিত সেমিনারের সার্বিক সহযোগিতায় ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)। প্রেস বিজ্ঞপ্তি।

CS Scanned with CamScanner